



“আমাদের লক্ষ্য  
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ”  
“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অধিকার”



বাংলাদেশের  
স্বাধীনতা  
50  
Bangladesh



## কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

বিষয়: কেজিডিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা  
অনুযায়ী ২য় কোয়ার্টারে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ ফিরোজ খান  
মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি।  
তারিখ : ০৯-১১-২০২২  
স্থান : প্রধান কার্যালয়, কেজিডিসিএল, চট্টগ্রাম।  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

### ১.০ আলোচনা :

মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব মোঃ ফিরোজ খান এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়।

১.১ সভার শুরুতে কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২২-২০২৩ অর্থবছরের জন্য প্রণীত কর্মপরিকল্পনা ইতোমধ্যে পেট্রোবাংলায় ও কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্টে প্রেরণ এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। তদালোকে চলমান অর্থবছরে কর্মপরিকল্পনাভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়।

### ২.০ সিদ্ধান্ত :

২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কোয়ার্টার ভিত্তিক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে আপলোড ও পেট্রোবাংলার নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করতে হবে।

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২২-২০২৩ অর্থবছরের জন্য কোম্পানির কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/পদ/ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক সময়াবদ্ধভাবে সম্পন্ন করতে হবে। কার্যক্রমসমূহ নিম্নরূপ :

➤ নৈতিকতা কমিটির সভা আয়োজন।

বাস্তবায়নে : ফোকাল পয়েন্ট, NIS/নৈতিকতা কমিটি।

➤ নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।

বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট।

➤ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন।

বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশন (ডিসেম্বরের ১ম সপ্তাহে আয়োজন করা)।

➤ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন (২য় কোয়ার্টার- ২০ জন)।


বাস্তবায়নে : প্রশাসন ও সংস্থাপন ডিপার্টমেন্ট (৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা)।

- কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্তে অফিস প্রধান কার্যালয়ের সৌন্দর্যবর্ধনের জন্য বাগানের উন্নয়ন।  
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট (ডিসেম্বরের মধ্যে প্রধান কার্যালয়ে অবস্থিত বাগানের আরো অধিকতর সৌন্দর্যবর্ধন এবং নিয়মিত পরিচর্যা করা)।
- ভান্ডার ইয়ার্ড সুচারুরূপে সজ্জিতকরণ।  
বাস্তবায়নে : ভান্ডার ডিপার্টমেন্ট।
- ফৌজদারহাট অফিস স্থাপনার বাগান উন্নয়ন।  
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ।  
বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশন, আইটি এবং রাজস্ব উত্তর ও দক্ষিণ ডিপার্টমেন্ট  
(এ সকল অভিযোগসমূহ অত্যন্ত সুন্দরভাবে লিপিবদ্ধ রেখে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে)।
- জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষে সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য জনবল প্রস্তুত রাখা এবং রেজিস্টার সংরক্ষণ রাখা।  
(২য় কোয়ার্টার- ১২৫টি)।  
বাস্তবায়নে : ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন।
- অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ (২য় কোয়ার্টার- ১৮ টি)।  
বাস্তবায়নে : ভিজিল্যান্স ডিপার্টমেন্ট।
- জিএম/ডিজিএম কর্তৃক শিল্প-কারখান পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ  
(২য় কোয়ার্টার- ৫টি)।  
বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশনের আওতাধীন বিক্রয় ডিপার্টমেন্টসমূহ।

গত ২০-১০-২০২২ খ্রি. পেট্রোবাংলার ফিডব্যাক সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৬(গ) এর সিদ্ধান্তের ভিত্তিতে কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক এরূপ ১টি নতুন সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

- দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার/পোস্টার প্রস্তুত করা এবং কোম্পানির বিভিন্ন স্থাপনায় দৃশ্যমান স্থানে লাগানো।  
বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
.....  
(মোঃ ফিরোজ খান)

মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব

ও

আহ্বায়ক, নৈতিকতা কমিটি

